

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৫

নথি নং- ৩৭.০০.০০০০.১২৫.১৪.১৪.১৬ (অংশ-১)-১০৭২

তারিখঃ ১৮/০৯/২০১৭

প্রেরক : আসমা নাসরীন  
সিনিয়র সহকারী প্রধান  
প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে অর্ন্তভুক্ত "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (৭১০০) অনুকূলে বরাদ্দকৃত ১ম কিস্তির অর্থছাড় সংক্রান্ত।

এই মন্ত্রণালয় কর্তৃক ১৮/০৯/২০১৭ তারিখের নং- ৩৭.০০.০০০০.১২৫.১৪.১৪.১৬(অংশ-১)-১০৭১ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হইয়া স্থানীয় মুদ্রা (জিওবি) বরাদ্দ হইতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করিতেছি।

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ ডিপিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/ ৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কোড নং- ২৫৬১)	"পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প কোড নং (৭১০০)	অনুমোদিত	১ম	১.৭৫	১২৩.২৫	১২৫.০০

- এই ব্যয় বর্তমান অর্থবৎসর উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং ২১, শিক্ষা মন্ত্রণালয়ের (কোড নং-২৫) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক অনুমোদিত প্রকল্প (৭১০০) হইতে বহন করা হইবে;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুদ্ধ ও মূল্য সংযোজন কর এবং পূর্নভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিত)। অব্যয়িত অর্থ (যদি থাকে) আগামী ৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 ও PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এ নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- এই আদেশ অর্থ বিভাগের ১৩ নভেম্বর-২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের অধীনে অত্র মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হইয়াছে, সেই অনুসারে জারি করা হইল; এবং
- এই মন্ত্রণালয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব এই অর্থ উঠাইতে পারিবেন, তবে বিলে কমিশনের চেয়ারম্যানের প্রতিস্বাক্ষর থাকিতে হইবে। কমিশনের সচিব এই অর্থ প্রকল্প পরিচালককে প্রদান করিবেন। ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(আসমা নাসরীন)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫১৫১৮৮

নথি নং- ৩৭.০০.০০০০.১২৫.১৪.১৪.১৬ (অংশ-১)-১০৭২

তারিখঃ ১৮/০৯/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্ম-প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রকল্প পরিচালক, "পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় সংশোধিত)" পটুয়াখালী।
- ৭। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(আসমা মাসরীন)

সিনিয়র সহকারী প্রধান